



যুদ্ধবিরতির প্রভাবে বিশ্ববাজারে তেলের দাম কমেছে



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর খবরে বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম কমে গেছে। বুধবার (২২ এপ্রিল) লেনদেনের শুরুতে দাম কিছুটা বাড়লেও পরে তা নিম্নমুখী হয়।

বাজার সূত্রে জানা গেছে, ব্রেস্ট ব্রুডের দাম কমে প্রতি ব্যারেল ৯৮.২৭ ডলারে দাঁড়িয়েছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের মানদণ্ড ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের দাম নেমে এসেছে ৮৯.৩৯ ডলারে। এর আগের দিন দুই ধরনের তেলের দাম প্রায় ৩ শতাংশ বেড়েছিল।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধবিরতির মেয়াদ অনির্দিষ্টকালের জন্য বাড়ানোর ঘোষণা দিয়েছেন। তবে একই সঙ্গে ইরানের বন্দরে নৌ অবরোধ বহাল রাখার অবস্থানও জানিয়েছেন তিনি। মার্কিন প্রশাসনের দাবি, নিরাপত্তা পরিস্থিতি স্থিতিশীল না হওয়া পর্যন্ত এ পদক্ষেপ অব্যাহত থাকবে। এ ঘোষণার পরপরই বৈশ্বিক জ্বালানি বাজারে নতুন করে অনিশ্চয়তা তৈরি হয়, কারণ মধ্যপ্রাচ্য থেকে বিশ্বের বড় অংশের তেল সরবরাহ নির্ভর করে।

অন্যদিকে ইরানের রেভল্যুশনারি গার্ড জানিয়েছে, তারা যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর বিষয়ে কোনো ধরনের সমঝোতা বা অনুরোধে অংশ নেয়নি। তাদের বক্তব্য, চাপের মুখে কোনো সিদ্ধান্ত তারা মেনে নেবে না এবং নৌপথে বাধা বা অবরোধ থাকলে তার উপযুক্ত জবাব দেওয়া হবে। এর ফলে দুই পক্ষের অবস্থান আরও কঠোর হয়েছে এবং কূটনৈতিক সমাধান নিয়ে অনিশ্চয়তা বেড়েছে।